



নং: বিইএ/প্রশাসন-০১

তারিখঃ ০১ জানুয়ারি, ২০১৭

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, আঙ্কারা, তুরস্ক-এ গণশুনানি গ্রহণ।

বাংলাদেশ দূতাবাস আঙ্কারা, তুরস্ক এর সেবা প্রত্যাশী তুরস্ক, আজারবাইজান, বুলগেরিয়া ও জর্জিয়ায় বসবাস/কর্মরত প্রবাসী বাংলাদেশী নাগরিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাদের অভাব-অভিযোগ সরাসরি শ্রবনের মাধ্যমে সেগুলোর নিষ্পত্তি এবং সেবা প্রদানের মান ও গতি বৃদ্ধির লক্ষ্যে দূতাবাসের দ্বিতীয় সচিব ও দূতালয় প্রধান জনাব সবুজ আহমেদ প্রতি বুধবার সকাল ১০ঃ০০-১২ঃ০০ ঘটিকায় (সরকারি ছুটি হলে পরবর্তী কার্যদিবস) দূতাবাসে (বিরলিক মাহাল্লেসী, ৩৯১ জাদেসী, নং-১৬, পোস্ট কোড-০৬৬১০, চানকায়, আঙ্কারা) নিয়মিত সরাসরি গণশুনানি গ্রহণ করবেন।

০২। যে কোন অভাব-অভিযোগ, পরামর্শ ই-মেইল (bdootankara@ttmail.com) অথবা টেলিফোন [+৯০-৩১২-৪৯৫২৭১৯-২০, +৯০-৫৩১-৬৮০১১৯০ মোবাইল] এর মাধ্যমেও জানানো যাবে।

০৩। সংশ্লিষ্ট সকলকে উপর্যুক্ত স্থান ও সময়ে সরাসরি উপস্থিত হয়ে অথবা টেলিফোন/ই-মেইলের মাধ্যমে অভাব-অভিযোগ, পরামর্শ এবং মতামত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

(সবুজ আহমেদ)  
দ্বিতীয় সচিব এবং দূতালয় প্রধান